সংবাদ

তারিখ ... 20 NOV 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# প্রাথমিক সমাপনী পরীক্ষা শুরু আজ

নিজস্ব বার্তা পরিবেশক

পঞ্চম শ্রেণীর প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু হচ্ছে আজ। প্রথম দিন ইংরেজি বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। সমাপনী পরীক্ষায় এবার সারাদেশের ৩২ লাখ ৩০ হাজার ২৮৮ জন শিক্ষার্থী অংশ নেবে। প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান রাজধানীর লালবাগের অগ্রণী স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্র পরিদর্শন করবেন বলে মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

প্রাথমিক ও এবতেদায়ি উভয়েরই ছয়টি বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকাল ১১টা থেকে এই পরীক্ষা শুরু হয়ে চলবে বেলা দেড়টা পর্যন্ত। আগামী ২৭ নভেম্বর পরীক্ষা শেষ হবে। প্রাথমিকে দুই হাজার ৮৫৭ জন এবং এবতেদায়িতে ৯৭ জন বিশেষ চাহিদাসম্পন্ন (প্রতিবন্ধী/অটিস্টিক) পরীক্ষার্থী অংশ নেবে। প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী জানান, পরীক্ষার সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। দুর্গম এলাকার ২১০টি কেন্দ্রেও বিশেষ ব্যবস্থায় প্রশ্ন পাঠানো হয়েছে।

দেশের সাত হাজার ১৯৪টি এবং বিদেশের ১১টি কেন্দ্রে প্রাথমিক সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রাথমিক সমাপনীতে ২৯ লাখ ৩০ হাজার ৫৭৩ জন পরীক্ষা দিচ্ছে। এর মধ্যে ১৩ লাখ ৪৬ হাজার ৩২ জন ছাত্র এবং ১৫ লাখ ৮৪ হাজার ৫৪১ জন ছাত্রী।

আর মাদ্রাসার এবতেদায়ি পরীক্ষায় অংশ নিচ্ছে দুই লাখ ৯৯ হাজার ৭১৫ জন পরীক্ষার্থী। এর মধ্যে এক লাখ ৫৭ হাজার ৩১৯ জন ছাত্র এবং এক লাখ সমাপনী : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## সমাপনী : পরীক্ষা শুরু

(১ম পৃষ্ঠার পর)

৪২ হাজার ৩৯৬ জন ছাত্রী। শিক্ষানীতির আলোকে এ বছরই প্রাথমিক শিক্ষা অষ্টম শ্রেণী পর্যন্ত উন্নীত করা হয়। অষ্টম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষা ন্যস্ত হয় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কাছে। ফলে শিক্ষার্থী ও অভিভাবকরা আশা করেছিল এবার থেকেই পঞ্চম শ্রেণী শেষে প্রাথমিক সমাপনী পরীক্ষা তুলে দেয়া হবে। একবারে অষ্টম শ্রেণী শেষে অনুষ্ঠিত হবে প্রাথমিক সমাপনী। সেই হিসেবে গণশিক্ষা মন্ত্রণালয় পঞ্চম শ্রেণী শেষের সমাপনী পরীক্ষা তুলে দিতে মন্ত্রিসভায় প্রস্তাব দেয়। কিন্তু মন্ত্রিসভা তাদের প্রস্তাব নাকচ করে দেয়।

প্রশ্ন ফাঁস ঠেকাতে ৬৪ জেলাকে বিশেষ আটটি অঞ্চলে ভাগ করে আট সেট প্রশ্নে গত বছর থেকে প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা নেয়া হচ্ছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ কক্ষ খোলা থাকবে। যার নম্বর ০২৯৫১৫৯৭৭ এবং প্রাথমিক শিক্ষা অধিদফতরের নম্বর ০২৫৫০৭৪৯৩৯, ০১৯৭৯০৮৮৭১৯, ০১৭১২৪১৩১০০ এবং ই-মেইল (ddestabdpe@gmail.com)।

সমাপনী পরীক্ষায় গত কয়েক বছর ধারাবাহিকভাবে পরীক্ষার্থীর সংখ্যা বাড়লেও গত বছরের তুলনায় এবার পরীক্ষার্থী কমেছে ২৪ হাজার ২২৬ জন। গত বছর ৩২ লাখ ৫৪ হাজার ৫১৪ জন শিক্ষার্থী এ পরীক্ষার জন নিবন্ধন করেছিল। এর আগে ২০১৪ সালে পরীক্ষার্থী ছিল ৩০ লাখ ৯৪ হাজার ২৬৫ জন, ২০১৩ সালে ছিল ২৯ লাখ ৫০ হাজার ১৯৩ জন, ২০১২ সালে ছিল ২৯ লাখ ৬৯ হাজার ৪০২ জন, ২০১১ সালে ২৬ লাখ ৩৭ হাজার ২৩৫ জন, ২০১০ সালে ২২ লাখ ৫ হাজার ১৯৭ জন এবং ২০০৯ সালে ছিল ১৯ লাখ ৭৯ হাজার ৮৯৫ জন।

**সময়সূচি :** প্রাথমিক সমাপনীতে আজ ইংরেজি, আগামীকাল বাংলা, ২২ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ২৩ নভেম্বর প্রাথমিক বিজ্ঞান, ২৪ নভেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা ও ২৭ নভেম্বর গণিত। ইবতেদায়ী সমাপনীতে আজ ইংরেজি, আগামীকাল বাংলা, ২২ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ২৩ নভেম্বর আরবি, ২৪ নভেম্বর কোরআন ও তাজবীদ এবং আকাইদ ও ফিকহ, ২৭ নভেম্বর গণিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।